সূত্র নম্বরঃ এইচবি/এইচও/এডি-৪৩৭(২২)/ ৭০৮২ তারিখঃ ৩১ .০৮.২০২২

বিষয় ঃ জনাব ইমন ধর, শাখা ম্যানেজার, বিএইচবিএফসি, শাখা অফিস, শ্রীমঙ্গল এর বিরুদ্ধে বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১২ এর ৩৭ (ক) (খ) (গ) ও (ট) ধারায় বর্ণিত অপরাধের অভিযোগে বিভাগীয় কার্যক্রমের অভিযোগনামা (চার্জশীট)।

যেহেতু, আপনি জনাব ইমন ধর, শাখা ম্যানেজার, বিএইচবিএফসি, শাখা অফিস, শ্রীমঙ্গল, শারীরিক অসুস্থতার (Fistula in Ano রোগে আক্রান্ত) কারণ দেখিয়ে কর্তৃপক্ষের অনুমতিক্রমে বিগত ১৩.০৬.২০২২ তারিখ হতে ২৬.০৬.২০২২ তারিখ পর্যন্ত ছুটি ভোগ করেন। পরবর্তীতে আপনি জানান যে, আপনার দাখিলকৃত চিকিৎসকের ব্যবস্থাপত্র অনুযায়ী উক্ত ছুটিকালীন সময়ে শারীরিক অবস্থার উন্নতি না হওয়ায় আপনি ২৫.০৬.২০২২ তারিখে হাসপাতালে পুনরায় ডাক্তারকে দেখান। ডাক্তার আপনাকে ০২(দুই) সপ্তাহ পূর্ণ বিশ্রামের পরামর্শ প্রদান করেন। তদপ্রেক্ষিতে আপনি পুনরায় ২৭.০৬.২০২২ তারিখ হতে ১০.০৭.২০২২ তারিখ পর্যন্ত মোট ১৪ (চৌদ্দ) দিনের অর্জিত ছুটির আবেদনপত্র দাখিল করেন এবং উক্ত ছুটি ভোগ করেন। ছুটি ভোগ শেষে ১১.০৭.২০২২ তারিখ সরকারি ছুটি থাকায় বিগত ১২.০৭.২০২২ তারিখে আপনার কাজে যোগদান করার কথা। উক্ত ছুটি ভোগের পর আপনি শারীরিকভাবে সুস্থ/ফিট হয়েছেন কিনা সে সংক্রান্ত কোন সনদসহ উক্ত তারিখ পরবর্তী অদ্যাবধি কাজে যোগদান করেননি এবং অফিসের সাথে কোন প্রকার যোগাযোগ করেননি।

যেহেতু, কাজে যোগদানের জন্য বিগত ১৪.০৭.২০২২ ও ১৭.০৭.২০২২ তারিখে পত্র দেয়া হলেও আপনি কোন প্রকার যোগাযোগ করেননি এবং অদ্যাবধি কাজে যোগদান করেননি। ছুটি শেষ হওয়ার পরও বিগত ১২.০৭.২০২২ তারিখ হতে অদ্যবধি কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মে অনুপস্থিত রয়েছেন।

যেহেতু, আপনার বর্তমান ঠিকানায় (ভাড়া বাসায়) যোগাযোগ করে বাসায় পাওয়া যায়নি এবং ভাড়াকৃত বাসায় পাওয়া না যাওয়ায় আপনার গ্রামের বাড়িতে যোগাযোগ করা হলে সেখানেও আপনাকে পাওয়া যায়নি। কর্তৃপক্ষের অনুমতিক্রমে ছুটি গ্রহণ ও ভোগ শেষে কাজে যোগদান না করে অসুস্থতার মিথ্যা অজুহাত প্রদান করে আপনি ছুটি বৃদ্ধির আবেদন করেন এবং উক্ত ছুটি শেষ হওয়ার পরও কাজে যোগদান না করে আপনি বর্তমানে কানাডাতে অবস্থান করছেন মর্মে জানা যায়।

যেহেতু. আপনি কর্পোরেশনের একটি শাখা অফিসের শাখা ম্যানেজার হিসেবে কর্মরত ছিলেন। কর্পোরেশনের একটি শাখা অফিসের শাখা ম্যানেজার এর গুরুত্বপূর্ণ দায়িত্বে থাকাবস্থায় আপনি উক্তরূপ অনুপস্থিত থেকে অফিস শৃঙ্খলার পরিপন্থী কাজ করেছেন।

যেহেতু. আপনার উক্তরূপ কাজ- দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, পলায়ন ও কর্তৃপক্ষের অনুমতি ব্যতিত কর্মে অনুপস্থিতির শামিল - যা চাকুরী প্রবিধানমালা-২০১২ অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ।

সেহেতু, উল্লেখিত কারণে আপনাকে বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১২ এর ৩৭ (ক), (খ), (গ) ও (ট) ধারা অনুযায়ী দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, পলায়ন ও কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মে অনুপস্থিতির অভিযোগে অভিযুক্ত করে আপনার বিরুদ্ধে কেন শাস্তিমূলক ব্যবস্থা (কর্পোরেশনের কর্মকর্তা ও কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০১২ এর ৩৮(১)(খ) ধারা মোতাবেক গুরুদন্ড আরোপ) গ্রহণ করা হবে না তার কারণ অত্র অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কর্মদিবসের মধ্যে লিখিতভাবে নিম্ন স্বাক্ষরকারীর বরাবর পেশ করার নির্দেশ দেয়া হলো।

আপনি আত্মপক্ষ সমর্থনের জন্য লিখিত বক্তব্যের অতিরিক্ত হিসেবে ব্যক্তিগত শুনানী প্রদান করতে বা কোনরূপ সাক্ষ্য-প্রমাণ প্রদান করতে চান কি-না তা উল্লেখিত সময়সীমার মধ্যে কর্তৃপক্ষকে জানাতেও নির্দেশ দেয়া হলো। যদি বর্ণিত সময়ের মধ্যে আপনার নিকট হতে কোনো উত্তর না পাওয়া যায় তবে ধরে নেয়া হবে যে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ খন্ডনের বিষয়ে আপনার কোন বক্তব্য নেই এবং উক্ত অবস্থায় আপনার বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে একতরফাভাবে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

যে অভিযোগের উপর ভিত্তি করে এই অভিযোগনামা আনায়ন করা হয়েছে তার একটি অনুলিপি আপনার অবগতি ও শুনানীর সুবিধার্থে এতদসংগে সংযুক্ত করা হলো।

সংযুক্তি ঃ অভিযোগনামা।

জনাব ইমন ধর

বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন
সদর দফতর, প্রশাসন বিভাগ, ঢাকা।

## অভিযোগের বিবরণ

জনাব ইমন ধর, শাখা ম্যানেজার, বিএইচবিএফসি, শাখা অফিস, শ্রীমঙ্গল নিম্নবর্ণিত অনিয়ম করেছেন ঃ

০২। তিনি শারীরিক অসুস্থতার (Fistula in Ano রোগে আক্রান্ত) কারণ দেখিয়ে কর্তৃপক্ষের অনুমতিক্রমে বিগত ১৩.০৬.২০২২ তারিখ হতে ২৬.০৬.২০২২ তারিখ পর্যন্ত ছুটি ভোগ করেন। পরবর্তীতে তার প্রদত্ত তথ্য মোতাবেক তার দাখিলকৃত চিকিৎসকের ব্যবস্থাপত্র অনুযায়ী উক্ত ছুটিকালীন সময়ে শারীরিক অবস্থার উন্নতি না হওয়ায় তিনি ২৫.০৬.২০২২ তারিখে হাসপাতালে পুনরায় ডাক্তারকে দেখান। ডাক্তার তাকে ০২(দুই) সপ্তাহ পূর্ণ বিশ্রামের পরামর্শ প্রদান করেন। তদপ্রেক্ষিতে তিনি পুনরায় ২৭.০৬.২০২২ তারিখ হতে ১০.০৭.২০২২ তারিখ পর্যন্ত মোট ১৪ (চৌদ্দ) দিনের অর্জিত ছুটির আবেদনপত্র দাখিল করেন এবং উক্ত ছুটি ভোগ করেন। ছুটি ভোগ শেষে ১১.০৭.২০২২ তারিখ সরকারি ছুটি থাকায় বিগত ১২.০৭.২০২২ তারিখে তার কাজে যোগদান করার কথা। ডাক্তারের পরামর্শমতে উক্ত ছুটি ভোগের পর তিনি শারীরিকভাবে সুস্থ/ফিট হয়েছেন কিনা সে সংক্রান্ত কোন সনদসহ উক্ত তারিখে কিংবা পরবর্তী কর্মদিবসসমূহেও কাজে যোগদান করেননি। কাজে যোগদানের জন্য বিগত ১৪.০৭.২০২২ ও ১৭.০৭.২০২২ তারিখে তাকে পত্র দেয়া হলেও তিনি কোন প্রকার যোগাযোগ করেননি এবং অদ্যাবধি কর্মস্থলে যোগদান করেননি। ছুটি শেষ হওয়ার পরও তিনি বিগত ১২.০৭.২০২২ তারিখ হতে অদ্যবধি কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মে অনুপস্থিত রয়েছেন।

০৩। তার বর্তমান ঠিকানায় (ভাড়া বাসায়) যোগাযোগ করে বাসায় পাওয়া যায়নি এবং ভাড়াকৃত বাসায় পাওয়া না যাওয়ায় তার গ্রামের বাড়িতে যোগাযোগ করা হলে সেখানেও তাকে পাওয়া যায়নি। কর্তৃপক্ষের অনুমতিক্রমে ছুটি গ্রহণ ও ভোগ শেষে কাজে যোগদান না করে অসুস্থতার মিথ্যা অজুহাত প্রদান করে তিনি ছুটি বৃদ্ধির আবেদন করেন এবং কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কানাডা গমন করেন। তিনি অদ্যবধি কাজে যোগদান না করে বর্তমানে কানাডাতে অবস্থান করছেন।

০৪। তিনি কর্পোরেশনের একটি শাখা অফিসের শাখা ম্যানেজার হিসেবে কর্মরত ছিলেন। কর্পোরেশনের একটি শাখা অফিসের শাখা ম্যানেজার এর গুরুত্বপূর্ণ দায়িত্বে থাকাবস্থায় তিনি উক্তরূপ অনুপস্থিত থেকে এবং গোপনে বিদেশে গমন করে অফিস শৃঙ্খলার পরিপন্থী কাজ করেছেন।

০৫। বর্ণিত কর্ম সম্পাদনের মাধ্যমে তিনি দায়িত্ব পালনে অবহেলা করেছেন, অসদাচরণ করেছেন, পলায়ন করেছেন ও কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মে অনুপস্থিত রয়েছেন- যা বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১২ এর ৩৭ (ক) (খ) (গ) ও (ট) ধারা অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ (কর্পোরেশনের কর্মকর্তা ও কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০১২ এর ৩৮(১) (খ) ধারা মোতাবেক গুরুদন্ড আরোপযোগ্য)।

১১/০৮/২০২২
মোঃ আফজাল করিম
ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন
সদর দফতর, ঢাকা